জৈন্তাপুর হরিপুরে সড়কে নিহত তিনজনের পরিচয় মিলেছে

চেম্বার ডেস্ক::

জৈন্তাপুর উপজেলার হরিপুর বাজার সংলগ্ন শিকার খা এলাকায় বুধবার বিকেলে বাস-মোটরসাইকেল-লেগুনা ও টমটমের চতুর্মুখী সংঘর্ষে শিশুসহ নিহত তিনজনের পরিচয় পাওয়া গেছে।

তারা হলেন-নেত্রকোনার পাঁচহাট খালিয়াজুড়ি গ্রামের জয়নাল আবেদীনের ছেলে আতাউর রহমান সানি (৩০), টমটম যাত্রী জৈন্তাপুরের দরবস্ত গ্রামের আব্দুর রহমানের ছেলে রোকন উদ্দিন (৪৫), সিলেট শহরতলীর খাদিমনগরের রুস্তমপুর গ্রামের মঞ্জুর আলমের ছেলে তাহমিদ তাসিন (১২)। এর মধ্যে সানি মোটর সাইকেল আরোহী এবং বাকি দুইজন টমটম যাত্রী।

বাসে থাকা একাধিক যাত্রী জানান, বাসটি সিলেট থেকে জাফলং যাচ্ছিলো। হরিপুর বাজারের অদূরে হঠাৎ একটি টমটমের পিছনে থাকা একটি মোটরসাইকেল বিপরীত থেকে বাসের সামনে এসে পড়ে। এসময় মোটরসাইকেল ও বাসের সংঘর্ষ বাঁধে। এতে তিনজনের প্রাণহানি হয়।

হাইওয়ে পুলিশ, সিলেট রিজিওনের পুলিশ সুপার মো: শহীদুল্লাহ সড়কে শিশুসহ তিনজনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিসের লোকজন লাশ উদ্ধার করে বলে জানান তিনি।